তারিখ 21/২/79
পৃষ্ঠা ৪ কলাম ৩



# মফিজউদ্দিন আহমদের ইন্তেকাল

বাসস জানায়, প্রাক্তন শিক্ষা মন্ত্রী আলহাজ মফিজউদ্দিন (৮২) আহমদ গতকাল (মঙ্গলবার সকালে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহে ... রাজেউন)।



মস্তিষ্কের রক্তক্ষরণের দরুন তাঁহাকে গত বৃহস্পতিবার রাত্রে হলি ফ্যামিলি হাসপাতালে ভর্তি করা হইয়াছিল। তিনি ১৯৩৭ সনে প্রাদেশিক পরিষদের সদস্য নির্বাচিত হন এবং ১৯৪০ সনে শিক্ষাবিষয়ক পার্লামেন্টারী সেক্রেটারী নিযুক্ত হন। ১৯৪৬ সনে তিনি পুনরায় প্রাদেশিক পরিষদের সদস্য নির্বাচিত হন এবং সোহরাওয়ার্দী মন্ত্রিসভার সময়ে ১৯৪৬-৪৭ সনে চীফ হুইপ নিযুক্ত হন। পরে ১৯৪৭ সনেই খাজা নাজিমউদ্দিনের মন্ত্রিসভার সময়ে তিনি রাজনৈতিক সচিব নিযুক্ত হন।

তিনি ১৯৬২ সনে পুনরায় প্রাদেশিক পরিষদের নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করেন এবং ১৯৬৫ সন পর্যন্ত শিক্ষামন্ত্রী ছিলেন। তাঁহাকে বনানী গোরস্থানে দাফন করা হয়। আগামী শুক্রবার বিকাল সাড়ে ৩টায় সেগুনবাগিচাস্থ বাসভবনে কুলখানি অনুষ্ঠিত হইবে।

# ডঃ রফিকুল্লার ইন্তেকাল

বাসস জানায়, ঢাকা বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিভাগের অধ্যাপক ডঃ একে রফিকুল্লাহ (৪৮) গতকাল (মঙ্গলবার) ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহে......রাজেউন)। ডঃ রফিকুল্লাহ ১৯৬২ সনে সিনিয়র লেকচারার পদে ঢাকা বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিভাগে যোগদান করেন। তাহাকে বনানী গোরস্থানে দাফন করা হয়। আগামীকাল (বৃহস্পতিবার) বেলা ১২টায় টিএসসিতে এক শোকসভা অনুষ্ঠিত হইবে। আগামী শুক্রবার বাদ আসর ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৮নং বাংলোতে তাঁহার কুলখানি অনুষ্ঠিত হইবে।